10

দৈনিক ইত্তেফাক

তারিখ ... 19 APR. 1996 ...
পৃষ্ঠা 7 কলাম 6

# হোমিওপ্যাথি বোর্ডের কার্যক্রম স্থগিত ॥ অনিয়ম তদন্তে কমিটি

**আনোয়ার আলদীন** ॥ তত্ত্বাবধায়ক সরকার হোমিওপ্যাথি বোর্ডের সকল কার্যক্রম স্থগিত ঘোষণা করিয়াছে। একই সঙ্গে বোর্ড গঠনে অনিয়ম, বোর্ড পরিচালনায় দুর্নীতি ও আর্থিক

( ২য় পৃ: ৫-এর ক: দ্র: )

## হোমিওপ্যাথি বোর্ডের

( ১ম পৃ: পর )

অনিয়মসমূহ বর্তমান হোমিওপ্যাথি বোর্ড বাতিলের ব্যাপারে সরকার একটি উচ্চ পর্যায়ের তদন্ত কমিটি গঠন করিয়াছে। বোর্ডের অধীনে দেশের ২২টি হোমিও মেডিকেল কলেজের প্রায় ২০ হাজার ছাত্র-ছাত্রীর দীর্ঘ আন্দোলনের প্রেক্ষাপটে তত্ত্বাবধায়ক সরকার দায়িত্বভার গ্রহণের ৫ দিন পর গত ৯ই এপ্রিল এই পদক্ষেপ গ্রহণ করে। এই দাবীতে হোমিও ছাত্র-ছাত্রীরা গত ৪ মাস ধরিয়া অবিরাম ধর্মঘট কর্মসূচী পালন করিয়া আসিতেছিল। উহার পূর্বে একই দাবীতে ছাত্র-ছাত্রীরা জেলা প্রশাসকদের নিকট ৮ বার, সাবেক স্বাস্থ্য মন্ত্রীর নিকট ৩ বার ও স্বাস্থ্য সচিবের নিকট ৫ বার স্মারকলিপি পেশ, প্রেস ক্লাবের সম্মুখে অবস্থান ধর্মঘট, মিছিল-সমাবেশসহ বিভিন্ন আন্দোলন কর্মসূচী পালন করিয়াছে। এ বিষয়ে গত মঙ্গলবার স্বাস্থ্য মন্ত্রণালয়ে অনুষ্ঠিত এক বৈঠকে বোর্ড এবং বোর্ডের কর্মকর্তাদের সম্পর্কে বিভিন্ন অনিয়ম ও দুর্নীতির অভিযোগ উত্থাপিত হয়। অভিযোগে বলা হয়, ১৯৯৪ সালে বেআইনী ও অবৈধভাবে হোমিও প্যাথি বোর্ড গঠিত হইয়াছে। বোর্ডের চেয়ারম্যানকে ১৯৮২ সালে হোমিও বোর্ডের প্রশাসক পদে নিয়োগের ৫ মাস পর দুর্নীতির দায়ে অপসারণ করা হয়। এই চেয়ারম্যান কোন রেজিষ্টার হোমিও চিকিৎসক নন। অচিরেই স্বাস্থ্য মন্ত্রণালয় বোর্ড বাতিল করিয়া নয়া হোমিও প্যাথি বোর্ড গঠনের ব্যাপারে সিদ্ধান্ত নিবে বলিয়া জানা গিয়াছে। স্বাস্থ্য মন্ত্রণালয়ের অনুষ্ঠিত বৈঠকে হোমিওপ্যাথিক মেডিসিন ম্যানুফ্যাকচারার্স এসোসিয়েশন, হোমিওপ্যাথিক মেডিকেল এসোসিয়েশন, হোমিও মেডিকেল ছাত্র ঐক্যপরিষদসহ হোমিও সংশ্লিষ্ট বিভিন্ন সংগঠন ও প্রতিষ্ঠানের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন।